



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিৰো/বি/অ/৩৫/(অংশ-৩)/নৱসিংদী/৫৬৪

তারিখ : ১৮/১০/২০২১

বিষয় : “কোহিনুর জুট মিল হাই স্কুল, ঘাগটিয়া, রায়পুরা, নৱসিংদী” শাখার শিক্ষার্থীদের ৮ম/২০২১, ৯ম/২০২০-২১ রেজিস্ট্রেশন এবং জেএসসি/২০২১, এসএসসি/২০২১ সালের ফরম পূরণসহ অনলাইনের সকল কার্যক্রম “কোহিনুর জুট মিলস হাই স্কুল, গৌরীপুর, নৱসিংদী” (ইআইআইএন: ১১২৭৮৮) শাখার মাধ্যমে অবহিতকরণ ও সম্প্রসারণ প্রসঙ্গে।

- সূত্র :
- ১। মহামান্য হাইকোর্টের রীট মামলা নং- ৫১৭৬/২০২১, তারিখ-১৪/০৬/২০২১ এর আদেশ।
 - ২। মহামান্য সুপ্রিম কোর্টের অ্যাপিলিয়েট ডিভিশন কর্তৃক সিভিল পিটিশন নং- ১৮০৯/২০২১, তারিখ- ১৯/০৯/২০২১ এর আদেশ।
 - ৩। বোর্ডের ০৬/১০/২০২১ তারিখের পত্র নং- ঢাশিৰো/বি/অ/৩৫/(অংশ-৩)/নৱসিংদী/৫৪৭।
 - ৪। জনাব আতিকুর রহমানের ০৭/১০/২০২১ তারিখের ১৮৯ নং স্মারকের পত্র।

ক) উপর্যুক্ত বিষয় ও পত্রের আলোকে আপনাকে অবহিত করা যাচ্ছে যে, সূত্রোক্ত-১ নং ক্রমিকে উল্লেখিত মহামান্য হাইকোর্টের রীট মামলা নং- ৫১৭৬/২০২১, তারিখ-১৪/০৬/২০২১ এর আদেশের বিরুদ্ধে মাননীয় চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা বাদী হয়ে মহামান্য সুপ্রিম কোর্টের অ্যাপিলিয়েট ডিভিশন সিভিল পিটিশন নং- ১৮০৯/২০২১ দায়ের করেন। মহামান্য সুপ্রিম কোর্টের অ্যাপিলিয়েট ডিভিশন কর্তৃক সিভিল পিটিশন নং-১৮০৯/২০২১ তারিখ- ১৯/০৯/২০২১ এর আদেশে মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং-৫১৭৬/২০২১ তারিখ- ১৪/০৬/২০২১ এর আদেশকে মহামান্য সুপ্রিম কোর্টের অ্যাপিলিয়েট ডিভিশন কর্তৃক জারিকৃত আদেশের তারিখ হতে ০৬ (ছয়) সপ্তাহের জন্য ছাঁগত ঘোষণা করা হয়।

খ) কোহিনুর জুট মিল হাই স্কুল, ঘাগটিয়া, ডাকঘর: সাপমারা, রায়পুরা, নৱসিংদী শাখার অধ্যয়নরত শিক্ষার্থীদের ভবিষ্যত ও মানবিক দিক বিবেচনায় রেখে ইতিপূর্বে বোর্ডের ০৬/১০/২০২১ তারিখের স্মারক নং-ঢাশিৰো/বি/অ/৩৫/(অংশ-৩)/নৱসিংদী/৫৪৭ এর আদেশের মাধ্যমে উক্ত প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীদের ৮ম/২০২১, ৯ম/২০২০-২০২১ রেজিস্ট্রেশন এবং জেএসসি/২০২১ (সেশন-২০২১), এসএসসি/২০২১ (সেশন-২০১৯-২০২০) এর ফরম পূরণসহ অনলাইনের সকল কার্যক্রম বিশেষ বিবেচনায় কোহিনুর জুট মিলস হাই স্কুল, গৌরীপুর, নৱসিংদী (ইআইআইএন: ১১২৭৮৮) শাখার মাধ্যমে বিগত ১৫/১০/২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করে বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছিল।

গ) সূত্রোক্ত-৩ নং ক্রমিকে উল্লেখিত পত্রে বোর্ডের নির্দেশনা অনুসরণ না করে কোহিনুর জুট মিল হাই স্কুল, ঘাগটিয়া, ডাকঘর: সাপমারা, রায়পুরা, নৱসিংদী শাখার অধ্যয়নরত শিক্ষার্থীদের জিমি করে পুণরায় সূত্রোক্ত-৪ নং পত্রের মাধ্যমে বোর্ডে আবেদন করেছেন। যা বোর্ডের আদেশ-নির্দেশ অবমাননার শামিল।

ঘ) সূত্রোক্ত-৪ নং ক্রমিকে আপনার প্রেরিত পত্রের আলোকে কোহিনুর জুট মিল হাই স্কুল, ঘাগটিয়া, ডাকঘর: সাপমারা, রায়পুরা, নৱসিংদী শাখায় অধ্যয়নরত শিক্ষার্থীদের ভবিষ্যৎ ও মানবিক দিক বিবেচনা করে ৮ম/২০২১, ৯ম/২০২০-২০২১ রেজিস্ট্রেশন এবং জেএসসি/২০২১ (সেশন-২০২১), এসএসসি/২০২১ (সেশন-২০১৯-২০২০) এর ফরম পূরণসহ অনলাইনের সকল কার্যক্রম বিশেষ বিবেচনায় কোহিনুর জুট মিলস হাই স্কুল, গৌরীপুর, নৱসিংদী (ইআইআইএন: ১১২৭৮৮) শাখার মাধ্যমে পুণরায় (২য় দফায়) আগামী ২৫/১০/২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করে বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি আপনাকে অবহিতকরণ পূর্বক বোর্ডের নির্দেশনা অনুসরণ করার জন্য পুণরায় অনুরোধ করা হলো।

প্রাপক : জনাব আতিকুর রহমান
ঘাগটিয়া, রায়পুরা, নৱসিংদী।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

মেমো নং- ৫৬৪(১০)

তারিখ : ১৮/১০/২০২১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, নৱসিংদী।
- ৩। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা (অনলাইনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য)
- ৬। উপজেলা নির্বাচী অফিসার, রায়পুরা, নৱসিংদী।
- ৭। জেলা শিক্ষা অফিসার, নৱসিংদী।
- ৮। প্রধান শিক্ষক (ভারপ্রাণ), কোহিনুর জুট মিলস হাই স্কুল, গৌরীপুর, রায়পুরা নৱসিংদী। (অনলাইনে “কোহিনুর জুট মিল হাই স্কুল, ঘাগটিয়া, রায়পুরা, নৱসিংদী” শাখার শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ও ফরম পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
- ৯। পি.এস.-টি চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা